সমকাল

তারিখ 23 MAR 2016
পৃষ্ঠা ৪ কলাম ৫

# নতুন প্রজন্মকে আলোকিত মানুষ হতে হবে

—গণশিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেছেন, শিক্ষার্থীদের শারীরিক, মানসিক ও নান্দনিক বিকাশে লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগিতা খুবই গুরুত্বপূর্ণ। এ উপলব্ধি থেকে তৃণমূল পর্যায় হতে শুরু হয়ে উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। মন্ত্রী বলেন, আধুনিক বিশ্বে প্রতিযোগিতায় টিকে থাকতে হলে নতুন প্রজন্মকে আলোকিত মানুষ হিসেবে গড়ে তুলতে হবে। সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করতে হবে।

গতকাল মঙ্গলবার প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাল্টিপারপাস হলে আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. আলমগীরের সভাপতিত্বে অনুষ্ঠানে মন্ত্রণালয় ও অধিদপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মন্ত্রী বলেন, গ্রামাঞ্চলে অসংখ্য সুপ্ত প্রতিভা আছে, যারা সঠিক পরিচর্যা ও সুযোগের অভাবে প্রস্ফুটিত হতে পারছে না। এ প্রতিযোগিতার মাধ্যমে তৃণমূল থেকে ভালো খেলোয়াড় ও শিল্পী সৃষ্টি হবে। তিনি সরকারের পাশাপাশি সমাজের বিত্তবান ও বেসরকারি প্রতিষ্ঠানকে শিশুদের সুপ্ত প্রতিভা বিকাশে সহযোগিতার আহ্বান জানান। পরে মন্ত্রী প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।